# বড়িশা হাই স্কুল
# এ্যালামনাই এ্যাসোসিয়েশন

১৩৩, ডায়মন্ড হারবার রোড, কলকাতা - ৭০০ ০০৮
ইমেল - barishahighschoolalumni2023@gmail.com । ওয়েবসাইট - www.barishahighschoolalumni.com

তাং : ১৪/০৫/২০২৫

## : বিজ্ঞপ্তি :

এতদ্বারা সকল সদস্য/সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে **Barisha High School Alumni Association** কর্তৃক ২য় বার্ষিক সাধারণ সভা আগামী **১৫ই জুন, ২০২৫ (রবিবার)** বিকেল ৫ ঘটিকায় শীলপাড়া-স্থিত **"প্রফুল্ল ম্যারেজ হল"** -এ (শীততাপ নিয়ন্ত্রিত) অনুষ্ঠিত হতে চলেছে। উক্ত সভায় নিম্নলিখিত বিষয়গুলি আলোচনার স্বার্থে, সকল সদস্য / সদস্যদের উপস্থিতি একান্ত কাম্য।

### আলোচ্য বিষয়:-

১. বিগত বর্ষের কার্যবিবরণী পেশ এবং নতুন অর্থবর্ষের কার্য পরিকল্পনার প্রস্তাব।
২. বিদায়ী কমিটির ২০২৪-২৫ অর্থবর্ষের আর্থিক প্রতিবেদন দাখিল ও নতুন বর্ষের প্রস্তাবনা।
৩. সংগঠনের সংশোধিত সংবিধানের খসড়া পেশ ও গ্রহণ।
৪. ২০২৫-২৬ এর নতুন কমিটি গঠন ও দায়িত্ব গ্রহণ।
৫. বিদায়ী কমিটির কোষাধ্যক্ষ ও যুগ্ম সম্পাদকের ধন্যবাদ জ্ঞাপন।
৬. ২০২৫-২৬ সালের হিসাব নিরীক্ষক ও কোষাধ্যক্ষ নিয়োগ।
৭. সংগঠনের বার্ষিক স্মারকপত্রিকা '**অনুরণন**' -এর দ্বিতীয় সংখ্যা প্রকাশ।
৮. বিবিধ।

### দ্রষ্টব্যঃ-

**১.** উক্ত বার্ষিক সাধারণ সভায় সংগঠনের সকল সদস্য / সদস্যদের উপস্থিতি কামনা করা হচ্ছে। যাঁরা সভায় উপস্থিত থাকতে আগ্রহী, তাঁদের সভার প্রস্তুতির স্বার্থে (Food Packet, Folder etc.), আগামী ১লা জুন, ২০২৫ এর মধ্যে উপস্থিতির বিষয়ে যুগ্ম সম্পাদকদ্বয়কে অবগত করতে অনুরোধ করা হচ্ছে।

**২.** ২০২৪-২৫ অর্থবর্ষের বকেয়া বাৎসরিক চাঁদা পরিশোধ করতে অনুরোধ করা হচ্ছে।

* ২০২৪-২৫ অর্থবর্ষের সদস্যপদ নবীকরণ করে তবেই কমিটি গঠন প্রক্রিয়ায় অংশগ্রহণ করা যাবে।
* ২০২৫-২৬ অর্থবর্ষের নবীকরণও শুরু হয়ে গেছে। ইচ্ছুক সদস্য কোষাধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

সৌমেন মুখার্জী ও শুভজিৎ মজুমদার
যুগ্ম সম্পাদক